গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নারায়ণপুর ইউনিয়ন পরিষদ
বেলাব, নরসিংদী।

## নারায়ণপুর ইউনিয়ন পরিষদ আইন শৃংখলা কমিটি জুলাই/২৩ইং সভার কাযবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ কাউসার (কাজল), চেয়ারম্যান, নারায়ণপুর ইউনিয়ন পরিষদ, বেলাব, নরসিংদী।
সভার স্থান ঃ ইউনিয়ন পরিষদ কায়ালয়।
সভার তারিখ ও সময় ঃ ১২ জুলাই ২০২৩ খ্রিঃ রোজ ঃ বুধবার, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

### সভার উপস্থিত পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।
অতঃপর ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সভা অদ্য ১২/০৭/২০২৩ইং তারিখ ইউনিয়ন পরিষদ কাযালয়ে অনুষ্ঠিত হয়।
অদ্য সভায় বিগত সভার কাযবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সবসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিন্মবণিত বিষয়সমূহের ওপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. ইউনিয়ন আইন শৃংখলা কমিটি সভাঃ<br>ইউনিয়ন সমূহের আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় প্রতীয়মান হয় ইউনিয়ন কমিউনিটি পুলিশিং কমিটি ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সভায় উপস্থিত নিশ্চিত করতে হবে। নিয়মিত মাসিক সভা সম্পূণ করে কাযবিবরণী উপজেলা প্রেরণ করা হবে। | ০১। ইউনিয়ন আইন শৃংখলা কমিটি মাসিক সভা নিয়মিত করা হবে।<br>০২। সভার কাযবিবরণী উপজেলা নিবাহী অফিসার এবং অফিসার এবং অফিসার ইনচাজ বেলাব থানা কার্যালয়ে প্রেরণ করা হয়। | ০১। ইউ, পি চেয়ারম্যান / সকল সদস্য<br>২। কমিউনিটি পুলিশং |
| ০২. সাবিক আইন শৃংখলা পরিস্থিতিঃ<br>সভাপতি মহোদয় ইউপি সাবিক আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ের দিক নিদেশনা ও মূল্যবান বক্তব্য রাখেন আইন শৃংখলা স্বাভাবিক রাখার জন্য বা দুষকৃতিকারী কে চিহ্নিত করে বেলাব থানাকে অবহিত করার জন্য সকল শ্রেণীর জনগণকে আহবান জানান। কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটলে সাথে সাথে বেলাব থানা যোগাযোগ করার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি জানান অপরাধ দমনের রাত্রিকালীন টইলের ব্যবস্থা থাকার কারণে আইন শৃংখলা সহনীয় পযায়ে রয়েছে। তিনি আরও বলেন পুলিশ ও গ্রাম পুলিশ জনগণের সেবক। আপনাদের সেবায় তাহারা নিয়োজিত। তিনি অত্র ইউনিয়ন সকল সদস্যকে ধন্যবাদ জানান, সকল শ্রেণীর জনগণের সম্বনয়ে আইন শৃংখলা সভা করার জন্য, অদ্য সভায় সভাপতি সাহেব সকল সদস্য কে অবগত করান যে, প্রতিটি ওয়ার্ডে ওয়াড আইন শৃংখলা কমিটি প্রতি মাসে ওয়ার্ড পর্যায়ে সভা করার জন্য সকল সদস্যকে নিদেশ প্রদান করেন। বতমানে অত্র ইউনিয়নে কোন প্রকার চুরি ডাকাতি তথ্য পাওয়া যায় নাই। নারায়ণপুর বাজারে টহলের ব্যবস্থা আরও জোর দার করার জন্য বাজার কমিটি সভাপতিতে আবহ্বান করা হয়। আইন শৃংখলা সন্তোষ জনক। | ০১। আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে গ্রামপুলিশ টইলের পাশাপাশি এলাকা ভিত্তিক কমিউনিটি পাহারা অব্যাহত রাখতে হবে।<br>০২। গ্রামপুলিশগণ সবদা বেলাব থানার সাথে সাবক্ষনিক যোগাযোগ করতে হবে।<br>০৩। ইউপি সদস্যদের সাথে সমন্বয় করে গ্রামপুলিশগণ পাহারা দিতে হবে।<br>০৪। ওয়ার্ড পযায়ে আইন শৃংখলা প্রতিরোধ কমিটি সভা কার্যবিবরণী নিয়মিত ইউপি কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ০১। সকল সদস্য ও গন্যমান্য ব্যক্তি<br>০২। গ্রামপুলিশ<br>০৩। কমিউনিটি পুলিশং |
| ৩. বিবিধ<br>০১। বাল্য বিবাহঃ<br>চেয়ারম্যান সাহেব জানান যে, কোন অবস্থাতেই ন্যুনতম বয়স না হলে বিবাহ রেজিষ্ট্রার করা যাবে না। বাল্য বিবাহ রেজিষ্ট্রি ও প্রচলিত আইন অমান্য করলে নিকা রেজিষ্ট্রার দায়বন্ধ থাকিবে। বাল্য বিবাহকে প্রতিহত ও নিরুৎসাহিত করার জন্য প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br>ইউনিয়ন পরিষদ হইতে জন্মসনদ ব্যতিত নোটারী পাবলিক হইতে এভি-ডেভিট করে বিবাহ সম্পাদন করা যাবে না। নিকা রেজিষ্ট্রারগণ প্রচলিত আইন উপেক্ষা করে বাল্য বিবাহ নিবন্ধন করলে ইউপি সদস্যগণ থানায় মামলা দায়ের করবেন।<br>সভাপতি সাহেব জানান বাল্যবিবাহ রোধ করার জন্য কাজীদেরকে দায়বন্ধতা ও | ০১। ইউনিয়ন পরিষদ সভায় যৌতুক নিরোধ কার্যক্রম সম্পকে আলোচনা অব্যাহত আছে।<br>০২। বাল্যবিবাহ রোধে ন্যূনতম বয়সের পূর্বে বিয়ে রেজিষ্ট্রেশন বিষয়ে কাজীদেও দায়বন্ধ করে আইনগত ব্যবস্থা নিতে হবে।<br>০৩। বিয়ে রেজিষ্ট্রেশনে জন্মসনদ নিশ্চিত করতে হবে। | ০১। ইউ, পি সদস্য (সকল)<br>০২। ইউ, পি কাজী বা নিকাহ রেজিষ্ট্রার (সকল) |

| | | |
|---|---|---|
| কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ইতিমধ্যে দিক নিদেশনা প্রদান করা হয়েছে। | | |
| ০৪। মানবপ্রাচারঃ-<br>চেয়ারম্যান সাহেব জানান যে, মানবপ্রাচার রোধের কমিটি কাযক্রম অব্যাহত আছে। কোথাও মানবপ্রাচার তথ্য পাওয়া যায়নি। | ০১। ওয়ার্ড পর্যায়ে অনুষ্ঠিত সভার মানব প্রাচার বিষয়ে আলোচনা রেখে করণীয় বিষয় নিধারণ করতে হবে।<br>০২। মানব প্রাচার রোধে ওয়ার্ড পর্যায়ে সকল মসসিদ সমূহে জুম্মার নামাজের পর নিয়মিত আলোচনা করে সচেতনা বৃদ্ধিও জন্য ইউপি সদস্যগণ আলোচনা অব্যাহত রাখতে হবে। | ০১। সকল সদস্য/গ্রামপুলিশ<br>০২। গন্যমান্য ব্যক্তিবগ |
| ০১। জঙ্গীবাদ সন্ত্রাসবাদ রোধঃ<br>অত্র ইউনিয়নে জঙ্গীবাদ তৎপরতা নেই।<br>সভাপতি সাহেব বলেন সন্ত্রাস ও নাশকতা কমিটি ও পাশাপাশি ০৯টি ওয়াডে ওয়াড ভিত্তিক সন্ত্রাস ও নাশকতা কমিটি ইতিপূবে গঠন করা হয়। দলমত নিবিশেষে রাজনীতির উদ্ধে উঠে জনগণের সেবা করার অনুরোধ জানান। এলাকা ভিত্তিক মসজিদগুলোতে জুম্মার নামাজের সময় এ বিষয়ে জন সচেতনতা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। কোথাও কোন প্রকার জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ তথ্য পাওয়া যায়নি। | ০১। জঙ্গীবাদ সন্ত্রাসবাদ রোধে ওয়াড পযায়ে আইন শৃংখলা সভায় আলোচনা রেখে জন সচেতনতা সৃষ্টি এবং প্রতি জুম্মায় নামাজের সময় আলোচনা রেখে ইমাম গণ মুছলিদের মাধ্যমে প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br>০২। ওয়ার্ড ভিত্তিক সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি নিয়মিত সভা সম্পূণ করে ব্যবস্থা গ্রহণ ও ইউনিয়ন পরিষদে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ০১। সকল সদস্য<br>০২। গ্রামপুলিশ |
| ০৬। ডেঙ্গু<br>চেয়ারম্যান সাহেব বলেন যে, বর্তমানে এডিস মশার কারণে ডেঙ্গু জ্বরের প্রকোপ অনেক বৃদ্দি পেয়েছে। তাই ডেঙ্গু প্রতিরোধে ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি মাধ্যমে জনগণ যাতে খোলা যায়গা পানি জমিয়ে না রাখেন, ঝুপ-ঝার, ময়লা আবর্জনা পরিস্কার পরিছন্ন রাখাতে হবে। তাছাড়া স্প্রে করতে হবে যেন মশার বংশ ধ্বংস হয়ে যায়। নারায়ণপুর বাজারের পরিবেশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে জন সচেতনতা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। তবে ভাল খবর এখনো নারায়ণপুর ইউনিয়নের কেউ ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়নি। | ০১। অত্র ইউনিয়নের ডেঙ্গু জ্বর সম্পর্কে ওয়ার্ড পর্যায়ে সচেতনতা বৃদ্ধিও জন্য ইউপি সদস্যগণ আলোচনা অব্যাহত রাখতে হবে। | ০১। সকল সদস্য/গ্রামপুলিশ |

পরিশেষে সভাপতি সাহেব উপিরোল্লিখিত সিদ্ধান্ত সমূহ ইউ, পি সকল সদস্য, গণ্যমান্য ব্যক্তিবগ ও গ্রামপুলিশ সমন্বয়ে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

অতঃপর আর কোন আলোচ্য সূচী না থাকার সভাপতি সাহেব উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মদ কাউসার (কাজল)
চেয়ারম্যান
নারায়ণপুর ইউনিয়ন পরিষদ
বেলাব, নরসিংদী।

অনুলিপি ঃ সদয় অবগতি জন্য প্রেরিত হইল।তারিখ ঃ- ১২/০৭/২০২৩ ইং
০১। উপজেলা নিবাহী অফিসার, বেলাব, নরসিংদী।
০২। অফিসার ইনচাজ বেলাব থানা, বেলাব, নরসিংদী।
০৩। অফিস কপি।

# পরিশিষ্ট -ক-

| ক্রঃনং | নাম | বর্তমান পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ কাউসার (কাজল) | ইউপি চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২। | ” ছাকিনা আক্তার | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৩। | ” জাহানারা কবির | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৪। | ” ফুলভানু | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৫। | ” মোঃ আমরি হোসেন | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৬। | ” মোঃ মিলনমিয়া | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৭। | ” জুয়েল মিয়া | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৮। | ” মোঃ আতর মিয়া | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৯। | ” মোঃ মিলন মিয়া | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১০। | ” হাবিবুর রহমান | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১১। | ” মোঃ আক্তারুজ্জামান | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১২। | ” মোঃ শিমুল মিয়া | ইউপি সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩। | ” মোঃ জেকি | শিক্ষক | সদস্য | স্বাক্ষরিত |
| ১৪। | “ মোঃ খোরশেদ আলম | গণ্যমান্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১৫। | ” মোঃ মোশারফ হোসেন | আনসার ভিডিপি | সদস্য | স্বাক্ষরিত |
| ১৬। | ” কামাল হোসেন | গ্রাম পুলিশ | সদস্য | স্বাক্ষরিত |
| ১৭। | ” শহিদুল ইসলাম | সচিব | সদস্য সচিব | স্বাক্ষরিত |